পরম করুনাময় আল্লাহর নামে

# চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল প্রাক্তন ছাত্র সমিতি

স্থাপিত ঃ ১৪ই ফেব্রুয়ারী ২০০৬ ইং

## গঠণতন্ত্র

**প্রস্তাবনা** ঃ শিক্ষা মানুষের অন্তর্নিহিত গুনাবলীকে বিকশিত করে, মানুষকে মানুষ করে। পবিত্র আল-কোরানে বর্নিত আছে শিক্ষা মানুষের জন্য অপরিহার্য্য।

অবিভক্ত ভারতে মুসলিম জাগরনের দিশারী এবং লব্ধ প্রতিষ্ঠিত শিক্ষানুরাগী হাজী মুহাম্মদ মহসিন এর অনুপ্রেরণা এবং অর্থানুকূল্যে প্রতিষ্ঠিত হয় আমাদেরই বিদ্যাপীঠঃ চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল। জনশ্রুতি আছে অত্র স্কুল সর্বপ্রথম প্রতিষ্ঠিত হয় বর্তমান চট্টগ্রাম সরকারী মহসিন কলেজ (প্রাক্তণ ইসলামিক ইন্টারমিডিয়েট কলেজ) এর পাহাড়ে। উল্লেখিত স্থান হইতে বর্তমানে অবস্থিত স্থানে স্থানান্তরিত/পুনঃ প্রতিষ্ঠিত হয় ১৯০৯ সালে যাহা সঙ্গত কারণে আমাদের স্কুলের প্রতিষ্ঠা বছর রূপে বিবেচিত।

প্রাক্তণ ছাত্ররা পরস্পরকে চিনিতে, জানিতে এবং মানবধমী কর্মকান্ডের ম্যধ্যমে একত্রীভূত থাকিবার মহান লক্ষ্যে ২০০৬ সালের ১৪ই ফেব্রুয়ারী স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত প্রাক্তণ ছাত্রদের সাধারণ সভায় গঠিত হয় ঃ
চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল প্রাক্তণ ছাত্র সমিতি

**(Chattagram Sharkari Muslim High School Praktan Chattra Samity)**

সমিতির সদস্যরা পরস্পরের কাছে OLD MUSLIMEENS কিংবা OM নামে পরিচিত হইবে।

**ধারা ০১/নাম এবং কার্যালয় ঃ**

এই সংগঠনের নাম হইবে "চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল প্রাক্তন ছাত্র সমিতি (এর পর সমিতি অভিহিত হইবে) এবং সমিতির কার্যালয় চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুলের (এর পর স্কুল অভিহিত হইবে) চৌহদ্দী কিংবা চট্টগ্রাম মহানগরীর মধ্যে থাকিবে।

**ধারা ০২/সিল, প্রতীক এবং পতাকা ঃ**

সমিতির সিল, প্রতীক এবং পতাকা থাকিবে।

চলমান পাতা-২

আলাপনী ঃ ০১৮১১-৩২৫৪০৮/০১৯১১২৮২১১১/০১৮১১০৮৮০৭৬/০৩১-৬০৭১৭১

<u>ধারা ০৩/উদ্দেশ্য এবং লক্ষ্য ঃ</u>

ক) স্কুলের প্রাক্তন ছাত্রদে ধ্য পার ক সম্প াগাযোগ এ ত্ব বোধ উন্নয়ন।

খ) স্কুলে কিংবা উচ্চতর প্রতিষ্ঠানে অধ্যয়নরত গরীব থচ মেধাবী ছাত্রদের বৃত্তি প্রদানসহ কল্যাণধর্মী প্রচেষ্টা।

গ) স্কুলে অধ্যয়নরত ছাত্রদের সার্বিক উন্নতিকল্পে সাহিত্য, সামাজিক এবং সাংস্কৃতিক উন্নয়নমূলক বিবিধ কর্মসূচী গ্রহণ।

ঘ) স্কুলের মেধাবী ছাত্র, প্রাক্তন প্রবীন ছাত্র ও শিক্ষকসহ গুণীজন সম্বর্ধনা।

ঙ) সমিতির প্রতিষ্ঠা বার্ষিকী এবং কমপক্ষে প্রতি দুই বৎসর অন্তর পুনর্মিলনী অনুষ্ঠান।

চ) সমিতির সম্মিলনধর্মী এবং সম্পূর্ণ অরাজনৈতিক মর্যাদা অক্ষুন্ন রাখা।

ছ) যথাসময়ে স্কুলের শততম বার্ষিকী উদ্‌যাপন।

জ) কল্যাণধর্মী কার্যাবলীর জন্য কল্যাণ ফান্ড গঠন।

ঝ) প্রয়োজনবোধে স্কুলের ছাত্র এবং শিক্ষকদের মানবিক সাহায্য এবং সহযোগিতা প্রদান।

<u>ধারা ০৪/সদস্য পদ ঃ</u>

ক) স্কুলে অধ্যায়নকৃত অনূন্য ২৫ (পঁচিশ) বৎসর বয়সী এবং মানসিকভাবে সুস্থ প্রাক্তন ছাত্র নির্ধারিত সদস্যপদ প্রাপ্তি ফরম পুরণ ও সদস্যভুক্তি চাঁদা প্রদান এবং কার্যকরী কমিটির অনুমোদন সাপেক্ষে সমিতির সদস্য হইতে পারিবে।

খ) সদস্য ভর্তি চাঁদা আজীবন টাকা ৬০০.০০ (ছয়শত) মাত্র (নবায়ন নিষ্প্রয়োজন) এবং সাধারণ সদস্য টাকা ২০০.০০ (দুইশত) মাত্র।

গ) সাধারণ সদস্যপদ কার্য্যকর এবং স্থায়ীত্বের মেয়াদকাল হইবে এক বছর (ভর্তির চাঁদা প্রদানের তারিখ হইতে ৩৬৫ দিন) এবং যথাসময়ে নবায়ন করা না হইলে সমিতি হইতে উক্ত সদস্য পদ সরাসরি বাতিল গন্য হইবে।

ঘ) কেবলমাত্র আজীবন সদস্যই সকল সভার কোরাম, ভোট প্রদান এবং নির্বাচনে প্রার্থী হইবার যোগ্য।

চলমান পাতা-৩

ঙ) আজীবন সদস্যগণ সমিতির সর্বোচ্চ ক্ষমতার অধিকারী হইবে।

চ) সাধারণ সদস্য সমিতির অনুষ্ঠানে অংশগ্রহণ করিতে পারিবে।

ছ) সমিতির গঠনতন্ত্র পরিপন্থী কার্যক্রম, পদত্যাগ, মানসিক ভারসাম্য লোপ এবং মৃত্যুর কারণে সদস্যপদ বিলুপ্ত হইবে।

ধারা-০৫ / নির্বাচন ঃ

ক) সংশ্লিষ্ট বছরের নভেম্বর / ডিসেম্বর মাসে কার্যকরী কমিটির সভায় একজন আজীবন সদস্য কিংবা স্কুলের প্রধান শিক্ষককে নির্বাচন কমিশনার এবং অপর ৪ (চার) জন আজীবন সদস্যকে নির্বাচন কমিশন সদস্য মনোনয়ন পূর্বক সবমোট ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠিত হইবে যাহাতে কার্যকরী কমিটির কোন সদস্য থাকিবে না এবং তাহারা সকলেই সংশ্লিষ্ট নির্বাচনে প্রার্থী হইতে অযোগ্য বিবেচিত হইবেন।

খ) নির্বাচন কমিশন গোপন ভোটের মাধ্যমে সার্বিক নির্বাচন পরিচালনা এবং সম্পাদনের পরিপ্রেক্ষিতে নির্বাচন বিধিমালা প্রনয়নসহ প্রয়োজনীয় সকল কার্যাবলী সম্পন্ন করিবেন এবং যথাসময়ে নির্বাচনের ফলাফল ঘোষণা করিবেন।

ধারা-০৬/ কার্যনির্বাহী কমিটি ঃ

ক) ২০০৭ সাল হইতে কিংবা বিদায়ী কার্যনির্বাহী কমিটি হইতে দায়িত্বভার গ্রহণের প্রতি ৩ (তিন) বছর অন্তর কার্যনির্বাহী কমিটি গঠিত হইবে।

খ) সমিতির নীতিনির্ধারন, কার্যক্রম পরিচালনা, কর্মসূচী গ্রহণ এবং বাস্তবায়নের লক্ষ্যে সার্বিক ক্ষমতার অধিকারী ২৭ (সাতাশ) সদস্য বিশিষ্ট (নিম্নে বর্ণিত) কার্যনির্বাহী কমিটির উপর ন্যস্ত থাকিবে।

| | |
|---|---|
| সভাপতি | - ০১ জন |
| সহ-সভাপতি | - ০৩ জন |
| সাধারণ সম্পাদক | - ০১ জন |
| সহকারী সাধারণ সম্পাদক | - ০১ জন |
| অর্থ সম্পাদক | - ০১ জন |
| সাংগঠনিক সম্পাদক | - ০১ জন |
| সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক | - ০১ জন |
| কল্যাণ প্রকল্প সম্পাদক | - ০১ জন |
| প্রচার ও প্রকাশনা সম্পাদক | - ০১ জন |

চলমান পাতা-৪

| | |
|---|---|
| দপ্তর সম্পাদক | - ০১ জন |
| কার্যকরী কমিটির সদস্য | - ১০ জন |
| সহ-সাংগঠনিক সম্পাদক (মনোনীত) | - ০২ জন |
| পদাধিকার বলে | -০৩ জন |
| মোট | - ২৭ জন |

গ) নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক পদ ভিত্তিক সরাসরি ভোটে নির্বাচিত হইবেন এবং বাকী ১৯ (উনিশ) জন কার্যকরী কমিটির সদস্য নির্বাচিত হইবেন।

ঘ) নির্বাচন পরবতী কার্যকরী কমিটির প্রথম সভায় অবশিষ্ট পদ সমূহ (নির্বাচিত সদস্যদের মধ্যে ) বন্টন করা হইবে এবং স্ব স্ব বিভাগীয় কার্যাবলীর রুপরেখা নির্ণয় করা হইবে।

ঙ) সাংগঠনিক প্রয়োজনে চট্টগ্রাম মহানগরীর বাহিরে অবস্থানরত ২ (দুই) জনকে মনোনীত করা হইবে।

চ) পদাধিকার বলে ৩ (তিন) জন হইবেন স্কুলের প্রধান শিক্ষক, সদ্য প্রাক্তণ সভাপতি এবং সাধারণ সম্পাদক।

ছ) কার্যকরী কমিটির কোন সদস্য (মনোনীত এবং পদাধিকার বলে বাদে) পূর্ব অবগতি ব্যতিত একাক্রমে তিন সভায় অনুপস্থিত থাকিলে কার্যকরি কমিটিতে তাহার সদস্যপদ সরাসরি বিলুপ্ত গন্য হইবে এবং কোঅপসান মাধ্যমে শূণ্যস্থান পূরন করা হইবে।

জ) একাক্রমে দুই মেয়াদ কালের অধিক একই পদে সভাপতি, সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদক নির্বাচিত হইবার অযোগ্য বিবেচিত হইবেন।

ঝ) কমপক্ষে প্রতি ২ (দুই) মাস অন্তর কার্যকরি কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

ধারা-০৭/ উপ-কমিটি ঃ

ক) কার্যকরী কমিটি প্রয়োজনবোধে অনুষ্ঠান ভিত্তিক কিংবা মেয়াদ কালের জন্য নূন্যতম ৭ (সাত) সদস্য বিশিষ্ট উপ-কমিটি গঠন করিবে যাহাতে পদাধিকার বলে সাধারণ সম্পাদক সদস্য সচিব এবং কোষাধ্যক্ষ সদস্য থাকিবেন। নির্দিষ্ট কার্যক্রম সম্পাদন কিংবা মেয়াদকাল উর্ত্তীনের পর সংশ্লিষ্ট উপ-কমিটি বাতিল বলে গন্য হইবে।

খ) অর্থ বিষয়ক এবং সাংগঠনিক স্থায়ী উপ-কমিটি থাকিবে। যাহাতে যথাক্রমে প্রথম সহ-সভাপতি এবং দ্বিতীয় সভাপতি চেয়ারম্যান থাকিবেন।

চলমান পাতা-৫

# চট্টগ্রাম সরকারী মুস[illegible] হাই স্কুল প্রাক্তন ছাত্র সমিতি

**CHATTAGRAM SARKARI MUSLIM HIGH SCHOOL PRAKTAN CHATTRA SAMITY**

স্কুল ভবন কক্ষ ১০৭, আবদুর রহমান সড়ক, চট্টগ্রাম, বাংলাদেশ।

Website: **www.muslimhighbd.org** E-Mail orchid@colbd.com


**ধারা-০৮/ ক্ষমতা ও দায়িত্ব ঃ**

ক) সভাপতি, তাহার অনুপস্থিতিতে [illegible]গপতি [illegible]নুসা[illegible] [illegible]য় সভাপতিত্ব করিবেন।

খ) তিনি সাংগঠনিক প্রধান হিসাবে [illegible]নতন্ত্রের ব[illegible] নির্দেশন[illegible] [illegible]দেশ ও কার্যাবলীর তত্ত্বাবধায়ন করিবেন। তিনি সমিতির আনুষ্ঠানিক প্রতিনি[illegible] [illegible]ং প্রয়োজ[illegible] [illegible] কাস্টিং [illegible] প্রদান করিবেন।

গ) সাধারণ সম্পাদক, তাহ[illegible] [illegible]স্থিতিতে [illegible]পাদক, স[illegible] [illegible]ান নির্বাহী। সভাপতির সাথে পরামর্শে তিনি সকল সভার কর্মসূচী নি[illegible] আহ্বান [illegible]ত প্রস্তাব স[illegible]হ বাস্তব[illegible]ন, সকল নথি-পত্র সংরক্ষণ এবং উপ-কমিটির কার্যাবলী তদারক[illegible] [illegible]বেন। তি[illegible] [illegible]র্ষি[illegible] সাধারণ সভায় বাৎসরিক কার্য বিবরণী প্রদান করিবেন।

ঘ) অর্থ সমম্পাদক সমিতির য[illegible]ায় অর্থ র[illegible] [illegible]লে গ্রহণ ও প্রদান, ব্যাংক সহ যাবতীয় হিসাব সংরক্ষণ এবং বার্ষিক সাধারণ সভায় অডিট রিপোর্ট সহ আয়-[illegible]র হিসাব প্রদান করিবেন।

ঙ) দৈনন্দিন ব্যয় নির্বাহের জন্য অর্থ সম্পাদক টাকা ১,০০০ (এক হাজার) পর্যন্ত হাতে রাখিতে পারিবেন।

**ধারা-০৯/ আর্থিক ঃ**

ক) সমিতির অর্থ বছর হইবে জানুয়ারী হইতে ডিসেম্বর মাস।

খ) আজীবন এবং সাধারণ সদস্য হইতে সদস্যভুক্তি ফি বাবদ প্রাপ্ত টাকা, অনুষ্ঠান ভিত্তিক চাঁদা, যে কোন সূত্র হইতে প্রাপ্ত অনুদান কিংবা মঞ্জুরী এবং অর্থ সংগ্রহমূলক কার্যক্রমের মাধ্যমে সংগৃহীত অর্থ হইতে সমিতির সাধারণ তহবিল গঠন করা হইবে।

গ) সমিতির নামে সংগৃহীত যাবতীয় অর্থ সমিতির নামে হিসাবে সরকার অনুমোদিত ব্যাংকে জমা থাকিবে। উক্ত হিসাব সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক এবং অর্থ সম্পাদকের মধ্য হইতে যে কোন দুইজনের স্বাক্ষরে পরিচালিত হইবে।

ঘ) সমিতির যাবতীয় ব্যয় ভাউচার মূলে সভাপতি কিংবা সাধারণ সম্পাদক অনুমোদন করিবেন।

ঙ) সদস্য ভুক্তির ফি বাবদ প্রাপ্ত টাকা হইতে প্রত্যেক ফরম বাবদ ১০০.০০ (এক শত) টাকা সমন্বয়ে পৃথক কল্যাণ তহবিল গঠিত হইবে ও সুনির্দিষ্ট কল্যাণমুখী খাতে উক্ত টাকা খরচ এবং পৃথক হিসাব সংরক্ষণ করা হইবে।

চলমান পাতা-৬

আলাপনী ঃ ০১৮১১-০২৫৪০৮/০১৯১১২৮২১১১/০১৮১১০৪৪০৭৬/০০১-৬০৭১৭১

চ) বার্ষিক সাধারণ সভায় আয়-ব্যয়ের হিসাব অনুমোদনের জন্য কার্যকরী কমিটির সদস্য নয় এমন ৩ (তিন) সদস্য বিশিষ্ট অডিট কমিটি গঠন এবং পরীক্ষিত হিসাবের রিপোর্ট প্রদান করিবেন।।

ছ) অর্থ বিষয়ক উপ-কমিটি প্রতি তিন মাস অন্তর সমিতির হিসাব নিরক্ষণ করিবেন।

**ধারা-১০/ সভা এবং কোরাম ঃ**

ক) অনিবার্য কারণে বিলম্বিত হইলে পরবর্তী মার্চ মাসের মধ্যে বার্ষিক সাধারণ সভা/নির্বাচন (প্রযোয্য হইলে) অনুষ্ঠিত হইবে।

খ) বার্ষিক সাধারণ সভা কর্মসূচীর মধ্যে ~~অর্ন্তভুক্ত থাকিবে~~ সাধারণ সম্পাদক কর্তৃক সমিতির বার্ষিক কার্যবিবরণী প্রদান, অর্থ সম্পাদক কর্তৃক অডিট রিপোর্ট সহ আয়-ব্যয়ের হিসাবে উথাপন, সমিতির কল্যাণমুখী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ এবং কার্যকরী কমিটির নির্বাচন (যদি প্রয়োজ্য হয়)।

গ) বার্ষিক সাধারণ সভা, বিশেষ সাধারণ সভা এবং তলবী সভার জন্য (সুনির্দিষ্ট আলোচ্য সূচীসহ) ১৫ (পনের) দিনের, কার্যকরী কমিটির সভার জন্য ৩ (তিন) দিনের এবং জরুরী সভার জন্য ২৪ ঘন্টার নোটিশ লাগিবে।

ঘ) বার্ষিক সাধারণ সভা ও বিশেষ সাধারণ সভার জন্য এক তৃতীয়াংশ এবং কার্যকরী কমিটির সভার জন্য ৯ (নয়) জনের উপস্থিতিতে কোরাম গন্য হইবে।

ঙ) কোন সভার কোরাম না হইলে নির্দিষ্ট সময়ের আধঘন্টা পরে মুলতবী সভা অনুষ্ঠিত হইবে।

চ) তলবী সভার জন্য অধিকাংশ সদস্যের উপস্থিতিতে কোরাম এবং নির্দিষ্ট সময়ের মধ্যে কোরাম না হইলে উক্ত সভা বাতিল বলে গণ্য হইবে।

ছ) সকল সভায় উপস্থিত সদস্যের সংখ্যাগরিষ্ঠের রায় চুড়ান্ত বিবেচিত হইবে।

**ধারা-১১/ গঠনতন্ত্রের সংশোধন এবং অনাস্থা ঃ**

সমিতির গঠনতন্ত্রের সংশোধন/ সংযোজন কিংবা কার্যকরি কমিটি অথবা কার্যকরি কমিটির কাহারো বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব উপস্থাপনের জন্য অধিকাংশ আজীবন সদস্যের লিখিত নোটিশ ও উপস্থিতি এবং উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশের সমর্থন প্রয়োজন হইবে। উল্লেখ্য কোরাম কিংবা অন্যকোন কারণে উক্ত সভা মুলতবি কার্যকর হবেনা।

**ধারা-১২/বিলুপ্তি ঃ**

কোন কারণে সমিতির বিলুপ্তি অপরিহার্য্য হইয়া থাকিলে আজীবন সদস্যের দুই তৃতীয়াংশের সমর্থন প্রয়োজন এব দায়-দেনা পরিশোধের পর উক্ত সম্পদ সমিতির কল্যাণ ফান্ডে জমা হইবে এবং পরবর্তীতে সমিতি কল্যাণ ফান্ডের উ সম্পদ সরাসরিভাবে স্কুলের কল্যাণ তহবিলে জমা করা হইবে।

চলমান পাতা-

# চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল প্রাক্তন ছাত্র সমিতি

**CHATTAGRAM SARKARI MUSLIM HIGH SCHOOL PRAKTAN CHATTRA SAMITY**

স্কুল ভবন কক্ষ ১০৭, আবদুর রহমান সড়ক, চট্টগ্রাম, বাংলাদেশ।

Website: www.muslimhighbd.org E-Mail orchid@colbd.com


## গঠনতন্ত্র উপ-কমিটি

| | | |
|---|---|---|
| আহ্বায়ক | ঃ | আবদুর রউফ খালেদ |
| সদস্য সচিব | ঃ | খুরশিদ আনোয়ার চৌধুরী |
| সদস্য | ঃ | কাজী ইকলাসুল হক |
| সদস্য | ঃ | প্রকৌশলী ওয়াহিদুল আলম চৌধুরী |
| সদস্য | ঃ | মুহাম্মদ আকতার উল্লাহ চৌধুরী |
| সদস্য | ঃ | অধ্যাপক জাহাঙ্গীর চৌধুরী |
| সদস্য | ঃ | মোহাম্মদ শরফুদ্দিন |

---

২০০৬ সালের ২৫শে ডিসেম্বর চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত বিশেষ সাধারণ সভায় এই গঠনতন্ত্র অনুমোদিত ও গৃহীত হয় এবং উক্ত তারিখ হইতে প্রবর্তিত ও কার্য্যকর হয়।

তারিখঃ ২৫/১২/২০০৬

(আবদুর রউফ খালেদ)
আহ্বায়ক এবং সভাপতি বিশেষ সাধারণ সভা
চট্টগ্রাম সরকারী মুসলিম হাই স্কুল প্রাক্তণ ছাত্র সমিতি।

শেষ পৃষ্ঠা - ৮